গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের ফেব্রুয়ারি ২০২০ এর মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব ও এপিএ টিম প্রধান |
| সভার তারিখ | : | ১৩/০২/২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ মিনিট |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি জানান যে, ২০১৯-২০২০ অর্থবছরের ষান্মাসিক প্রতিবেদন অনুযায়ী সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রাসমূহের অর্জন সন্তোষজনক। তবে কিছুকিছু সূচকে অসাধারণ স্তরের লক্ষ্যমাত্রা অর্জিত না হাওয়ায় সংশ্লিষ্ট সকলকে আরো আন্তরিক হওয়ার পরামর্শ প্রদান করেন। এ ছাড়া চূড়ান্ত মূল্যায়নে পূর্ববর্তী বছরের ন্যায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে বিভাগের প্রতিটি অনুবিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে নিয়মিত যোগাযোগ রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। তিনি জনাব জাহিদুল ইসলাম, উপসচিব, (অগ্নি শাখা-১)-কে সভার কার্যপত্র অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ জানান। উপসচিব (অগ্নি শাখা-১) জানান, গত ১১/০২/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে এপিএ ষান্মাসিক অর্জনের দাখিলকৃত প্রমাণকসমূহের বিষয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দাখিলকৃত প্রমাণকের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়। চূড়ান্ত অর্জনের প্রতিবেদন দাখিলের সময় নির্দেশনা মোতাবেক প্রমাণক দাখিল করার পরামর্শ প্রদান করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

২৮/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন সংক্রান্ত :

২০১৯-২০২০ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সুরক্ষা সেবা বিভাগের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে 'মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন' কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের অংশ হিসেবে 'অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা ২০১৯' প্রণয়নের প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগের প্রেরণের অসাধারণ পর্যায়ের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে ২৭ ফেব্রুয়ারি। যেটি অর্জনের জন্য দ্রুত পদক্ষেপ নেয়া প্রয়োজন।

সিদ্ধান্ত : অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা ২০১৯ প্রণয়নের প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগের প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সককে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। 'অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪' সংশোধন সংক্রান্ত :

"অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধিকরণ" কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য 'অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪' সংশোধনের প্রস্তাব আইন ও বিচার বিভাগে প্রেরণের অসাধারণ পর্যায়ের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখ যা অর্জিত হয়নি। এ বিষয়ে অতি উত্তম পর্যায়ের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে ০১ মার্চ ২০২০ তারিখ। যেটি অর্জনের জন্য দ্রুত সংশ্লিষ্ট সকলের উদ্যোগ নেয়া প্রয়োজন।

সিদ্ধান্ত : 'অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪' সংশোধনের প্রস্তাব আইন ও বিচার বিভাগে প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। 'কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তর' সংক্রান্ত :

২০১৯-২০২০ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সুরক্ষা সেবা বিভাগের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে 'কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তর' কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নের লক্ষ্যমাত্রা (তারিখ/সংখ্যা) |
|---|---|---|
| বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বিশেষ কর্মসূচি উদযাপন | [৪.৬.১] কারাবন্দিদের পোষ্যদের অনুকূলে বঙ্গবন্ধু বৃত্তি প্রদান | ১০০০ জন |
| | [৪.৬.২] বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংরক্ষণ কার্যক্র উদ্বোধন | ১৭ মার্চ ২০২০ |

ষান্মাসিক প্রতিবেদন অনুসারে বর্ণিত কার্যক্রমে সে বিষয়ে কোন অগ্রগতি নাই। কিন্তু বর্ণিত সূচক দুটিতে ০৬ (ছয়) নম্বর রাখা হয়েছে। যেটি অর্জিত না হলে সার্বিক মূল্যায়নে বিরুপ প্রভাব পড়বে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দ্রুত পদক্ষেপ নেয়া প্রয়োজন।

সিদ্ধান্ত : উপরোক্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদানপূর্বক ফলোআপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। 'পাসপোর্ট ও ভিসা সেবা কার্যক্রম সহজীকরণ' সংক্রান্ত :

'পাসপোর্ট ও ভিসা সেবা কার্যক্রম সহজীকরণ' কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নের লক্ষ্যমাত্রা (তারিখ/সংখ্যা) |
|---|---|---|
| মাঠ পর্যায়ের পাসপোর্ট সেবা কার্যক্রম পরিবীক্ষণ | [৩.১.৩] ১০টি বৈদেশিক মিশনের এমআরপি কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত ৩০টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | ৩১ ডিসেম্বর ২০১৯ |
| | [৩.৩.২] খসড়া ইমিগ্রেশন নীতিমালা প্রণয়ন | ৩০ এপ্রিল ২০২০ |
| | [৩.৪.২] ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ডিপিপি প্রণয়ন | ৩১ মার্চ ২০২০ |
| | [৩.৪.১] মন্ত্রণালয় পর্যায়ে ই-ভিসা ও ই-টিপি প্রকল্পের ডিপিপি অনুমোদন | ১৪ মে ২০২০ |
| | [৩.৪.৩] ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবনের নির্মাণ কাজ সম্পন্নকরণ | ১০ জুন ২০২০ |
| | [৩.৪.৪] ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবনের নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের কাজ সম্পন্নকরণ | ৩১ মার্চ ২০২০ |
| | [৩.৪.৫] মন্ত্রণালয় পর্যায় ডিআইপি'র প্রধান কার্যালয় ভবন নির্মাণ প্রকল্পের ডিপিপি অনুমোদন | ২৭ ফেব্রুয়ারি ২০২০ |

সিদ্ধান্ত : উপরোক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সংক্রান্ত :

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট শাখাসমূহকে আরো আন্তরিক হওয়া প্রয়োজন। এ বিষয়ে সকল শাখার কর্মসম্পাদনসূচক সমূহের বিষয়ে কোন ধরণের অসচ্ছতা থাকলে তা দূর করা প্রয়োজন।

সিদ্ধান্ত : সকল শাখায় তাদের জন্য বাস্তবায়িতব্য কর্মসম্পাদনসূচক উল্লেখপূর্বক পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
১৩/০২/২০২০
প্রদীপ রঞ্জন চক্রবর্তী
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ১১/০৭

তারিখ : ৩০ মাঘ ১৪২৬ / ১৩ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব ............................................ উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।

১৩/২/২০২০

(জাহিদুল ইসলাম)
উপসচিব (অগ্নি শাখা-১)